ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

Phone: 88-02-9555133
Fax: 88-02-9551073

স্মারক নং পাউবো(সচি) প্রশাসন-১/বিবিধ-১১৯/২০১৬/৬৬৩ তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচী চূড়ান্তকরণের নিমিত্ত ০১-০৮-২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচী চূড়ান্তকরণের নিমিত্ত ০১-০৮-২০১৭ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করতঃ প্রেরণ করা হলো।

(আব্দুল খালেক)
সচিব,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং পাউবো(সচি) প্রশাসন-১/বিবিধ-১১৯/২০১৬/৬৬৩/১(১৪) তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও কমিটির আহ্বায়ক।
২. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৩. প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৪. প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৫. প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৬. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য-সচিব।
৮. সচিব, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৯. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১০. পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১১. পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১২. পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৩. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৪. সুলতান আহম্মদ, সাধারণ সম্পাদক, বাপাউবো শ্রমিক-কর্মচারী লীগ, রেজিঃ নং- বি-১৮৮৭ (সিবিএ), ও অর্থ বিষয়ক সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ ও কমিটির সদস্য।

০১/০৮/২০১৭
(ওবায়দুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)
পরিচিতি নম্বর ৬৭০২০১০০৩
টেলিফোন ৯৫৬১৯৫৯
obaidulislam1967@gmail.com

চলমান পাতা- ২

স্মারক নং পাউবো(সচি) প্রশাসন-১/বিবিধ-১১৯/২০১৬/৬৬৩/২(১৫০) তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/প্রকল্প পরিচালক (সকল), ... ... ... ... ... ... ... (অধিন দপ্তর/কর্মকর্তা/কর্মচারীগনের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত)।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...।

৩। সি,এস, টু, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী , ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ।

৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (... ... ... ... ... ...), বাপাউবো, ঢাকা।

৬। ব্যক্তিগত সহকারী সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৭। জনাব সুলতান আহম্মদ, সাধারণ সম্পাদক, বাপাউবো শ্রমিক-কর্মচারী লীগ, রেজিঃ নং- বি-১৮৮৭ (সিবিএ), বাপাউবো, ঢাকা।

৮। অফিস কপি/মাস্টার কপি।

০১/৮/২০১৭

**( মোঃ আবদুল হালিম )**
সেকশন অফিসার (প্রশাসন-১)
পরিচিতি নম্বর ৬৭০৭১০০০২

**সূত্র ঃ বাপাউবোশ্রকলীগ(সিবিএ)/নথি-২৩/৭৯৮(২৫০)** **তারিখ ঃ ০২/০৮/২০১৭ খ্রিঃ।**

১। সভাপতি/সাধারন সম্পাদক, সকল আঞ্চলিক কমিটি/ইউনিট কমিটি, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শ্রমিক কর্মচারী লীগ, রেজিঃ নং বি-১৮৮৭ (সিবিএ)। **ফটোকপি করে দপ্তর প্রধানসহ সকল কর্মকর্তা ও শ্রমিক কর্মচারীদের মাঝে বিতরণ করবেন।**

০২/৮/১৭

(সুলতান আহম্মদ)
সাধারন সম্পাদক
ও
অর্থ বিষয়ক সম্পাদক
জাতীয় শ্রমিক লীগ, কেন্দ্রীয় কমিটি।
০১৭১১-৫২৫৪২২

**জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত ০১-০৮-২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

০১ আগস্ট, ২০১৭ খ্রিঃ বিকাল ০৩.০০ ঘটিকায় স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী/জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচী চূড়ান্তকরণের নিমিত্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক, প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালক ও সিবিএ'র সাধারণ সম্পাদকসহ বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীনেতৃবৃন্দ উপস্থিত ছিলেন (পরিশিষ্ট-ক)।

সভার সভাপতি ও বোর্ডের মহাপরিচালক, জনাব মোঃ মাহফুজুর রহমান উপস্হিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত উপস্থিত সকলকে গঠনমূলক প্রস্তাব উপস্থাপনের আহ্বান জানান।

সভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্ত,বোর্ডের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, চীফ মনিটরিং, সিবিএ'র সাধারণ সম্পাদকসহ বোর্ডের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং যথাযথ শ্রদ্ধা ও মর্যাদার সাথে শোক দিবস পালনের নিমিত্ত প্রস্তাব উপস্থাপন করেন।

আলোচনায়, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী/জাতীয় শোক দিবস যথাযথ শ্রদ্ধা ও মর্যাদার সাথে পালনের উপর সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়। সভায়, একটি স্বাধীন সর্বভৌম দেশ গঠনে বলিষ্ঠ নেতৃত্ব প্রদান ও জীবনের সর্বোচ্চ ত্যাগ স্বীকার করায় জাতির জনকের প্রতি বিনম্র শ্রদ্ধা এবং গভীর কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। সিবিএ'র সাধারণ সম্পাদক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নৃশংস হত্যাকারীদের মধ্যে যারা এখনও পলাতক রয়েছে তাদেরও শাস্তির ব্যবস্থা গ্রহনের দাবী জানান।

বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) ২৬ জুলাই/২০১৭ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এতদসংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী/জাতীয় শোক দিবস যথাযথ শ্রদ্ধা ও মর্যাদার সাথে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২) ১৫ আগস্ট, ২০১৭ তারিখ সকাল ০৭:৩০ ঘটিকায় ৭২, গ্রীন রোড, ঢাকা থেকে শোক র‍্যালিতে অংশ গ্রহণের নিমিত্ত ঢাকাস্থ বাপাউবো'র সকল কর্মকর্তা /কর্মচারী উক্ত অংগনে সমবেত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) দেশব্যাপি বাপাউবো'র সকল দপ্তরে কালো পতাকা উত্তোলন, জাতীয় পতাকা অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) বন্যা পরিস্থিতি বিবেচনায়, ১৬ আগষ্ট কিংবা মাননীয় মন্ত্রী কর্তৃক নির্ধারিত সুবিধাজনক সময়ে বোর্ডে শোক সভা/আলোচনা সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) জরুরী প্রয়োজনে, মহাপরিচালকের অনুমতি ব্যতিরেকে, ১৫ আগস্ট ছুটি উপলক্ষে বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৬) মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণ তাঁর অধীন কর্মকর্তা-কর্মচারী ও সিবিএ প্রতিনিধিসহ নিজ নিজ এলাকায় জেলা প্রশাসনের সাথে যোগাযোগ/সমন্বয় করে ১৫ আগষ্টের কর্মসূচী পালন করবে।

৭) সভায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে যথাযোগ্য শ্রদ্ধা ও মর্যাদার সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী/জাতীয় শোক দিবস সর্বোচ্চ শ্রদ্ধা ও যথাযোগ্য মর্যাদার সাথে পালনের নিমিত্ত সার্বিক ব্যবস্থাপনা ও সহায়তা প্রদানের জন্য নিম্ন বর্ণিতভাবে একটি কেন্দ্রীয় কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| ১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা। | -আহ্বায়ক |
| ২. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৩. প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৪. প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৫. প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৬. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা। | -সদস্য-সচিব |
| ৮. সচিব, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ৯. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ১০. পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ১১. পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ১২. পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ১৩. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | -সদস্য |
| ১৪. জনাব সুলতান আহম্মদ, সাধারণ সম্পাদক, বাপাউবো শ্রমিক-কর্মচারী লীগ, রেজিঃ নং- বি-১৮৮৭ (সিবিএ) ও অর্থ বিষয়ক সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ | -সদস্য |

পরিশেষে আর কোন আলোচ্য সূচী না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড